বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার লক্ষ্যে জেলা মনিটরিং কমিটির ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আবু নাছের ভূঁঞা, জেলা প্রশাসক, নাটোর । |
| স্থান | ঃ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর । |
| তারিখ | ঃ | ১১/০২/২০২৪ খ্রিঃ। |
| সময় | ঃ | ১২ ঃ ৩০ ঘটিকা। |

উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ পরিশিষ্ট "ক"

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় সদস্য সচিব, উপপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর কর্তৃক নাটোর জেলায় অবস্থিত ০৩ টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

১। জানুয়ারি/২৪ মাসে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি।

| ক্রমিক নং | জেলা কার্যালয়ের নাম | বেসরকারি মাদকসক্তি নিরাময় কেন্দ্রের চিকিৎসা সেবা | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্রের নাম | বেড সংখ্যা | পুরাতন রোগীর সংখ্যা | নতুন রোগীর সংখ্যা | মোট রোগীর সংখ্যা | ছাড়কৃত রোগীর সংখ্যা | অবশিষ্ট রোগীর সংখ্যা |
| ০১ | নাটোর | নাটোর রিহ্যাব সেন্টার মাদকাসক্ত নিরাময় কেন্দ্র, বড়হরিশপুর, নাটোর। | ১০ | ১৭ জন | ০৩ | ২০ | ০৩ | ১৭ জন |
| ০২ | | নাটোর আলোকিত জীবন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, উত্তর পটুয়াপাড়া, নাটোর। | ১০ | ১৪ জন | ০১ | ১৫ | ০৩ | ১২ জন |
| ০৩ | | সিংড়া মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, সরকারপাড়া, সিংড়া, নাটোর। | ১০ | ১৪ জন | ০২ | ১৬ | ০৩ | ১১ জন |

২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর বলেন, গত ০৮/০১/২০২৪ খ্রিঃ তারিখে সিংড়া মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এবং নাটোর রিহ্যাব সেন্টার মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কেন্দ্রগুলোর নির্বাহী পরিচালক এবং কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন। রোগীদেরকে কাউন্সেলিং সেবা প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। রোগী ভর্তির পূর্বে অবশ্যই ডোপটেস্ট করতঃ রোগীর শারীরিক ও মানসিক অবস্থা বুঝে কেন্দ্রে ভর্তি করে চিকিৎসা সেবা প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া রোগীদের সাথে ভালো ব্যবহার, ভালো মানের খাবার পরিবেশন করার জন্য অনুরোধ করা হয়।

৩। সভাপতি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করেন। তিনি রোগীদের সুচিকিৎসা নিশ্চিত করার জন্য নিয়মিতভাবে নিরাময় কেন্দ্রের কার্যক্রম মনিটরিং করার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্র নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | নিরাময় কেন্দ্রের কার্যক্রম নিয়মিত ভাবে মনিটরিং করতে হবে। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যবৃন্দ |
| ৪.২ | নিরাময় কেন্দ্রের সিসি ক্যামেরাগুলো সচল রাখতে হবে এবং সিসি ক্যামেরার রেকর্ড কমপক্ষে দুই মাস পর্যন্ত সংরক্ষণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক সংশ্লিষ্ট নিরাময় কেন্দ্র |

| | | |
|---|---|---|
| ৪.৩ | নিরাময় কেন্দ্রে চিকিৎসারত রোগীদের অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত ডায়েট চার্ট অনুসারে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে এবং পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক সংশ্লিষ্ট নিরাময় কেন্দ্র |
| ৪.৪ | রোগীদের সাথে কোনরুপ খারাপ আচরণ করা যাবে না বা মারধর করা যাবে না এবং রোগীদের চিকিৎসায় অনুমতি ব্যতীত কোন মাদকদ্রব্য ব্যবহার করা যাবে না। | ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক সংশ্লিষ্ট নিরাময় কেন্দ্র |
| ৪.৫ | পৃথক স্মোকিং জোনের ব্যবস্থা রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক সংশ্লিষ্ট নিরাময় কেন্দ্র |
| ৪.৬ | রোগীদেরকে নিয়মিত কাউন্সেলিং সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক সংশ্লিষ্ট নিরাময় কেন্দ্র |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু নাছের ভূঁঞা)
জেলা প্রশাসক, নাটোর
ও
সভাপতি
বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র জেলা মনিটরিং কমিটি

ফোনঃ ০২৫৮৮৮৭৩৭৪১
মোবাইল-০১৭৬২৬৯২১০১
ই-মেইল- dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়
১৩১-০৪, হাজরা, নাটোর।
ই-মেইলঃ dncnatore@gmail.com

নং- ৫৮.০২.৬৯০০.১৪৩.০৬.০০২.২২. ১১৪(২৬)

তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩০ / ২০ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, নাটোর।
৪। পুলিশ সুপার, নাটোর।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর।
৬। সিভিল সার্জন, নাটোর।
৭। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর।
৮। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৯। উপজেলা নির্বাহী অফিসার-----------------------------------------------------, নাটোর।
১০। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
১১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, নাটোর।
১২। উপ-পরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, নাটোর।
১৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, নাটোর রিহ্যাব সেন্টার মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, বড় হরিশপুর, নাটোর।
১৫। নির্বাহী পরিচালক, নাটোর আলোকিত জীবন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, উত্তর পটুয়াপাড়া, নাটোর।
১৬। নির্বাহী পরিচালক, সিংড়া মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, সরকার পাড়া, সিংড়া, নাটোর।
১৭। অফিস কপি/মাস্টার নথি।

২০/০২/২৪
(মোহাম্মদ লুৎফর রহমান)
উপ-পরিচালক
ও
সদস্য সচিব
বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র জেলা মনিটরিং কমিটি
ফোনঃ ০২৫৮৮৮-৭১৬৯০
মোবাঃ ০১৪০৪-০৭২৪১৮।